



সার্জারির সময় এবং পরবর্তীতে এপিডুরাল অ্যানেস্থেসিয়া

আপনার সার্জারির সময় এবং এর পরে ব্যথা উপশমের জন্য এপিডুরাল নিলে কী আশা করা উচিত, এই লিফলেটটি তা ব্যাখ্যা করে। এটি অ্যানেস্থেটিস্ট, রোগী এবং তাদের প্রতিনিধিরা মিলিতভাবে রচনা করেছেন।

ভূমিকা

এই লিফলেটে যা ব্যাখ্যা করা হয়েছে :

- এপিডুরাল কী
- এটি কখন ব্যবহার করা হয়
- কোনও অপারেশনের সময় এটি ব্যবহার করে আপনি কেন উপকৃত হতে পারেন
- এটি কীভাবে কাজ করে এবং আপনি কী আশা করতে পারেন
- ঝুঁকি ও সম্মিলিত সিদ্ধান্ত গ্রহণ

এপিডুরাল কী?

এপিডুরাল হলো এক ধরনের রিজিওনাল অ্যানেস্থেটিক – একটি সুক্ষ, নমনীয় টিউব (ক্যাথেটার) আপনার পিঠে ঢোকানো হয় যার মাধ্যমে আপনাকে লোকাল অ্যানেস্থেটিক ও ব্যথানাশক ওষুধ দেওয়া যাবে। সন্তান প্রসবের সময় ব্যথা থেকে মুক্তির জন্য প্রায়ই এটি ব্যবহার করা হয়।

এটি সার্জারির সময় অ্যানেস্থেটিক হিসাবে (জেনারেল অ্যানেস্থেটিক-সহ কিংবা এটি ছাড়া) অথবা সার্জারির পর ব্যথা নিরাময়ের জন্য অথবা উভয় কাজেই ব্যবহার করা হয়।

সার্জারির পরেও ক্যাথেটার আপনার পিঠে রেখে দেওয়া হতে পারে এবং ম্যানুয়াল পদ্ধতিতে বা স্বয়ংক্রিয়ভাবে আপনার ব্যথানাশক ওষুধ রিফিল করার কাজে এটি ব্যবহৃত হতে পারে। কিছু এপিডুরাল পাম্পে একটি পুশ বোতাম থাকে, যা চেপে আপনি নিজেই নিজের ব্যথানাশক ওষুধ পুশ করতে পারবেন। এসব পাম্পে এমন নিরাপত্তা ব্যবস্থা থাকে যাতে করে আপনি নিজের শরীরে অতিরিক্ত ব্যথানাশক ওষুধ দিয়ে না ফেলেন, এবং স্বাস্থ্যসেবা দল আপনাকে নিয়মিত পর্যবেক্ষণ করবে।

শুধুমাত্র এপিডুরাল ব্যবহার করা যায় অথবা বিভিন্ন ধরনের অপারেশনে জেনারেল অ্যানেস্থেটিকসহ এটি ব্যবহার করা যায় যেমন ক্যান্সারের অপারেশন (বিশেষ করে ফুসফুসের ক্যান্সার) এবং ইউরোলজি অপারেশন (যেমন কিডনি বা মূত্রথলি)।

এপিডুরালের সুবিধাগুলো কী?

কিছু অপারেশনে অন্যান্য পদ্ধতির তুলনায় এপিডুরাল আরও ভালোভাবে আপনার অপারেশন-পরবর্তী ব্যথা উপশম করে, বিশেষ করে আপনি যখন গভীর শ্বাস নেন, কাশেন অথবা বিছানায় নড়াচড়া করেন। অন্যান্য ব্যথা উপশম পদ্ধতিতে মরফিন বা অনুরূপ ওষুধ (ওপিওয়েড) ব্যবহৃত হয়। এগুলো শক্তিশালী ব্যথানাশক ওষুধ, তবে এগুলোর বিভিন্ন পার্শ্বপ্রতিক্রিয়া থাকতে পারে যেমন বমি ভাব, ঝিমুনি, কোষ্ঠকাঠিন্য এবং নেশা (যদি লম্বা সময় ধরে ব্যবহার করা হয়)। ব্যথানাশক ওষুধ হিসাবে মরফিন দেওয়া হলে অনেক ব্যক্তি বিভ্রান্ত হয়ে যান।

এছাড়াও কিছু প্রমাণ আছে যে এপিডুরাল নেওয়ার ফলে অপারেশন থেকে উদ্ভূত জটিলতার সম্ভাবনা কমে, এর মধ্যে আছে পায়ে বা ফুসফুসে রক্ত জমাট বাঁধা ও বুকের সংক্রমণের ঝুঁকি কমা, এবং রক্ত পরিসঞ্চালনের প্রয়োজনীয়তা কমা।

যে কেউ চাইলেই কি এপিডুরাল নিতে পারবে?

শুধুমাত্র নির্দিষ্ট কিছু অপারেশনের জন্যই এপিডুরাল নেওয়া যাবে, এবং কিছু রোগীর জন্য এটি নেওয়া সম্ভব নয়। অ্যানেস্থেটিস্ট প্রয়োজনে আপনার সাথে এ বিষয়ে আলোচনা করবেন। আপনার পক্ষে এপিডুরাল নেওয়া সম্ভব না হতে পারে যদি :

- আপনি রক্ত পাতলা করার ওষুধ খান, যেমন ওয়ারফারিন
- আপনার রক্ত সঠিকভাবে জমাট না বাঁধলে
- লোকাল অ্যানেস্থেটিকে আপনার অ্যালার্জি থাকলে
- আপনার মেরুদণ্ডে উল্লেখযোগ্য সমস্যা থাকলে
- আপনার পিঠে সংক্রমণ থাকলে
- পিঠে মেটালওয়ার্কসহ পূর্বে আপনার মেরুদণ্ডে অপারেশন করা হলে

কীভাবে এপিডুরাল দেওয়া হয়?

এপিডুরাল যখন বা যে অবস্থায় দেওয়া হতে পারে :

- আপনি পুরোপুরি জেগে থাকা অবস্থায়
- সিডেশনের সাথে (যেসব ওষুধ আপনার চোখে ঘুম আনে এবং আপনাকে শিথিল করে)।

কোনটি আপনার জন্য সবচেয়ে ভালো হবে সে বিষয়ে আপনার অ্যানেস্থেটিস্ট আপনার সাথে আলোচনা করবেন। এপিডুরাল দেওয়ার ধাপগুলো হলো :

- অ্যানেস্থেটিস্ট বা সহকারী আপনার হৃদস্পন্দনের হার, রক্তচাপ ও অক্সিজেনের মাত্রা এবং অন্যান্য প্রয়োজনীয় পরীক্ষা করার জন্য বিভিন্ন ধরনের মনিটর যুক্ত করবেন।
- তরল দেওয়ার জন্য আপনার বাহুর শিরায় একটি ক্যানুলা (ড্রিপ) স্থাপন করা হবে
- আপনাকে উঠে বসতে বা পাশ ফিরে শুতে বলা হবে
- পিঠ যতটা সম্ভব বাঁকা করে আপনাকে সামনের দিকে ঝুঁকে বসতে সাহায্য করা হবে – ছবিতে দেখুন
- অ্যানেস্থেটিস্ট আপনার পিঠ অ্যান্টিসেপটিক দিয়ে পরিষ্কার করবেন
- আপনার ত্বক অসাড় করতে ছোটো একটি ইনজেকশনের মাধ্যমে লোকাল অ্যানেস্থেটিক দেওয়া হবে
- আপনার পিঠে ক্যাথেটার ঢোকাতে একটি সুঁই ব্যবহার করা হবে। ক্যাথেটার যথাস্থানে রেখে সুঁই সরিয়ে ফেলা হবে এবং একটি টেপ দিয়ে আটকে দেওয়া হবে। কিছু ক্ষেত্রে কয়েকবার চেষ্টা করা লাগতে পারে

- এপিডুরাল নিলে আপনার মূত্রথলি থেকে প্রস্রাব বের করার জন্য অনেক সময় একটি ইউরিনারি ক্যাথেটার ঢোকানো হয়। আপনার অ্যানেস্থেটিস্ট আপনার সাথে এই ব্যাপারে বিস্তারিত আলোচনা করবেন।

এতে কীরকম অনুভূতি হয়?

ত্বকে লোকাল অ্যানেস্থেটিক ইনজেকশন প্রয়োগ করলে শুরুতে হালকা খোঁচার অনুভূতি হবে। তারপর একটি চাপ অনুভূত হবে, তবে সুঁই ও ক্যাথেটার ঢোকানোর কারণে যে অস্বস্তি হয়, এটি সাধারণত তার চেয়ে কম।

মাঝে মাঝে বৈদ্যুতিক শকের মতো একটি তীক্ষ্ণ অনুভূতি হয়। এটি ঘটলে অ্যানেস্থেটিস্ট সহজেই বুঝতে পারবেন, তবুও এরকম অনুভব করলে আপনি অবশ্যই তাকে জানাবেন। আপনি কোথায় শক অনুভব করেছেন, তা তিনি আপনার কাছ থেকে জানতে চাইতে পারেন।

ক্যাথেটারের মাধ্যমে লোকাল অ্যানেস্থেটিক দেওয়ার পর শরীরে ধীরে ধীরে উষ্ণতা ও অসাড়তার অনুভূতি তৈরি হয়। কিছু এপিডুরালের ক্ষেত্রে আপনার পা ভারি হয়ে আসতে পারে ও নড়াচড়া করতে সমস্যা হতে পারে। এটা স্বাভাবিক।

বেশিরভাগ মানুষেরই সাধারণত এগুলোতে তেমন একটা সমস্যা হয় না। এপিডুরাল বন্ধ হয়ে গেলে অনুভূতি ও নড়াচড়া স্বাভাবিক অবস্থায় ফিরে আসবে। কিছু ক্ষেত্রে এপিডুরাল ক্যাথেটার সঠিক স্থানে বসানোর জন্য কয়েকবার চেষ্টা করা লাগতে পারে।

প্রিঅপারেটিভ অ্যাসেসমেন্ট ক্লিনিক (অপারেশনপূর্ব মূল্যায়ন)

আপনার অপারেশন পূর্বপরিকল্পিত হয়ে থাকলে আপনাকে অপারেশনের কয়েক সপ্তাহ বা কয়েক দিন আগে প্রিঅপারেটিভ অ্যাসেসমেন্ট ক্লিনিকে ডাকা হতে পারে। ছোটো সার্জারির ক্ষেত্রে অনেক সময় একজন নার্স টেলিফোনে আপনাকে কিছু প্রশ্ন করতে পারেন।

অনুগ্রহ করে এই জিনিসগুলো সাথে নিয়ে আসবেন :

- আপনার বর্তমান ওষুধগুলোর একটি তালিকা অথবা মূল প্যাকেটসহ সকল ওষুধ
- আপনি রক্ত পাতলা করার কোনও ওষুধ নিলে অবশ্যই প্রি-অ্যাসেসমেন্ট টিমকে জানান এবং অপারেশনের পূর্বে আপনার এগুলো নেওয়া বন্ধ করা উচিত কি না তা নিয়ে তাদের সাথে আলোচনা করুন
- অন্য হাসপাতালে করানো সকল পরীক্ষা ও চিকিৎসাসংক্রান্ত তথ্য
- অ্যানেস্থেটিক ব্যবহারের কারণে আপনি বা আপনার পরিবারের কারও কোনও সমস্যা হয়ে থাকলে সে বিষয়ে তথ্য
- সাম্প্রতিক রক্তচাপ পরিমাপের ফলাফল।

ক্লিনিকে একজন অ্যানেস্থেটিস্টের সাথে আপনার সাক্ষাৎ হতে পারে। তা না হলে অপারেশনের দিনে হাসপাতালে অ্যানেস্থেটিস্টের সাথে আপনার সাক্ষাৎ হবে।

ঝুঁকি এবং সম্মিলিত সিদ্ধান্ত গ্রহণ

আধুনিক অ্যানেস্থেটিকগুলো অত্যন্ত নিরাপদ। অ্যানেস্থেটিক ওষুধ ও সরঞ্জাম ব্যবহারের কিছু সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়া রয়েছে, তবে এগুলো সাধারণত গুরুতর বা

দীর্ঘস্থায়ী হয় না। প্রত্যেকের ঝুঁকি ভিন্ন হয়, যা অপারেশনের ধরন এবং অ্যানেস্থেসিয়ার জন্য ব্যবহৃত কৌশলের ওপর নির্ভর করে।

এপিডুরালের সাথে সম্পর্কিত কিছু সাধারণ ঝুঁকিগুলোর মধ্যে আছে :

- নিম্ন রক্তচাপ
- প্রস্রাব করতে কষ্ট হওয়া
- ত্বকে চুলকানি
- বমি ভাব
- মাথা ব্যথা।

বিরল ক্ষেত্রে এপিডুরাল স্নায়ুর সাময়িক বা স্থায়ী ক্ষতি করতে পারে।

কোনও ঝুঁকির পরিমাণ আপনার ক্ষেত্রে বেশি বলে মনে হলে তা নিয়ে আপনার অ্যানেস্থেটিস্ট আপনার সাথে আলোচনা করবেন। শুধুমাত্র প্রাসঙ্গিক হলেই তিনি স্বল্প মাত্রার সাধারণ ঝুঁকিগুলো নিয়ে আলোচনা করবেন।

অ্যানেস্থেসিয়া সম্পর্কিত ঝুঁকি সম্পর্কে আরও জানতে অনুগ্রহ করে ভিজিট করুন :

www.rcoa.ac.uk/patientinfo/translations#languages

সম্মিলিত সিদ্ধান্ত গ্রহণ

সম্মিলিত সিদ্ধান্ত গ্রহণ নিশ্চিত করে যে রোগীরা নিজেদের জন্য সঠিক সিদ্ধান্ত নিতে সমর্থন পাচ্ছেন। এটি একটি সহযোগিতামূলক প্রক্রিয়া যার মাধ্যমে একজন চিকিৎসক রোগীকে নিজের চিকিৎসার বিষয়ে সিদ্ধান্তে নিতে সহায়তা করেন।

এই কথোপকথনের মধ্যে থাকে :

- চিকিৎসকের দক্ষতা যেমন বিকল্প চিকিৎসা, প্রমাণ, ঝুঁকি এবং সুবিধাসমূহ
- রোগী যা ভালো জানেন : নিজের পছন্দ, ব্যক্তিগত পরিস্থিতি, লক্ষ্য, মূল্যবোধ এবং বিশ্বাস।

আরও জানতে ভিজিট করুন :

www.england.nhs.uk/personalisedcare/shared-decision-making

কিছু সংস্থান ব্যবহার করে আপনি আপনার অ্যানেস্থেটিস্ট বা প্রিঅপারেটিভ অ্যাসেসমেন্ট কর্মীর সাথে আলোচনার সময়টুকুর সর্বোত্তম ব্যবহার করতে পারেন।

চুজিং ওয়াইজলি ইউকে বিআরএএন ফ্রেমওয়ার্ক

চিকিৎসা সম্পর্কিত কী কী প্রশ্ন জিজ্ঞাসা করবেন মনে রাখতে এটি ব্যবহার করুন।

https://bit.ly/CWUK_leaflet

এনএইচএস আস্ক থ্রি কোয়েশ্চন্স

আপনার চিকিৎসার ব্যাপারে বিভিন্ন সিদ্ধান্ত নিতে হতে পারে।

https://bit.ly/NHS_A3Qs

দি সেন্টার ফর পেরিঅপারেটিভ কেয়ার (সিপিওসি)

সম্মিলিত সিদ্ধান্ত গ্রহণ ব্যাখ্যা করার জন্য সিপিওসি একটি অ্যানিমেশন তৈরি করেছে।

www.cpoc.org.uk/shared-decision-making

আপনি যেসব প্রশ্ন করতে চাইতে পারেন

অ্যানেস্থেটিক নিয়ে আপনার কোনও প্রশ্ন থাকলে সেগুলো লিখে রাখুন (আপনি নিচের উদাহরণগুলো ব্যবহার করতে পারেন এবং কোনও প্রশ্ন থাকলে যোগ করতে পারেন)। অপারেশনের আগের দিন অ্যানেস্থেটিস্টের সাথে কথা বলতে চাইলে প্রি-অপারেটিভ অ্যাসেসমেন্ট টিমের সাথে যোগাযোগ করুন, তারা অ্যানেস্থেটিস্টের সাথে আপনাকে ফোনে কথা বলিয়ে দেওয়ার অথবা ক্লিনিকে দেখা করানোর ব্যবস্থা করতে পারেন।

1. আপনি কেন আমাকে এপিডুরাল নেওয়ার পরামর্শ দিচ্ছেন?
2. আমার জন্য এপিডুরালের সুবিধা ও অসুবিধাগুলো কী?
3. অন্যান্য বিকল্পগুলো কেমন?

দায় বর্জন বিবৃতি

আমরা এই লিফলেটের তথ্য সঠিক ও হালনাগাদকৃত রাখার সর্বোত্তমভাবে প্রচেষ্টা করি, কিন্তু তার নিশ্চয়তা দেওয়া সম্ভব নয়। আমরা প্রত্যাশা করি না যে এই সাধারণ তথ্যে আপনার সম্ভাব্য সমস্ত প্রশ্নের উত্তর দেওয়া হয়েছে অথবা আপনার জন্য গুরুত্বপূর্ণ সমস্ত বিষয় নিয়ে বিশদে আলোচনা করা হয়েছে। এই লিফলেটটিকে নির্দেশনা হিসেবে ব্যবহার করে, আপনার নিজস্ব পছন্দ-অপছন্দ এবং উদ্বেগ নিয়ে আপনার চিকিৎসা দলের সাথে আলোচনা করা উচিত। এই লিফলেটকে পৃথকভাবে চিকিৎসা পরামর্শ হিসেবে ব্যবহার করা উচিত নয়। এটি কোনও বাণিজ্যিক বা ব্যবসার উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না। সম্পূর্ণ দায় বর্জন বিবৃতি দেখতে এখানে

(www.rcoa.ac.uk/patient-information/translations/bengali) ক্লিক করুন।

সমস্ত অনুবাদ ট্রান্সলেটর্স উইদাউট বর্ডার্সের (Translators without Borders) অনুবাদকগণ সরবরাহ করেছেন। অনুবাদগুলিকে যথাসম্ভব নির্ভুল করতে সেগুলির মান পরীক্ষা করা হয়েছে, তবে কিছু তথ্যের ভুল অর্থ এবং ভুল ব্যাখ্যার সম্ভাবনা রয়েছে।

আমরা আপনার মতামত জানতে আগ্রহী

আপনার কোনও মন্তব্য থাকলে অনুগ্রহ করে এই ঠিকানায় ইমেইল করুন :

patientinformation@rcoa.ac.uk

Royal College of Anaesthetists

Churchill House, 35 Red Lion Square, London WC1R 4SG

020 7092 1500

www.rcoa.ac.uk

ষষ্ঠ সংস্করণ, জুন ২০২৩

এই লিফলেটটি প্রকাশনার তারিখ থেকে তিন বছরের মধ্যে পর্যালোচনা করা হবে।

© 2023 Royal College of Anaesthetists

রোগীদের জন্য তথ্য সরবরাহের উপকরণ প্রস্তুতের জন্য এই লিফলেটটি কপি করা যেতে পারে। অনুগ্রহ করে প্রকৃত সূত্র উল্লেখ করুন। আপনি যদি এই লিফলেটটির অংশবিশেষ অন্য কোনও প্রকাশনার কাজে ব্যবহার করতে চান তাহলে কৃতজ্ঞতা স্বীকার করতে হবে, এবং লোগো, ব্র্যান্ডিং ও চিত্র অপসারণ করতে হবে। আরও তথ্য জানতে অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন।